দৈনিক সংবাদ

124

তারিখ AUG. 25 1999
পৃষ্ঠা ৪ কলাম ২

## বিআইটি ঢাকা খুলে দেয়া হোক

গাজীপুরস্থ বাংলাদেশ ইন্সটিটিউট অফ টেকনোলজি (বিআইটি) ঢাকা ছাত্র বহিষ্কারকে কেন্দ্র করে গোলযোগের কারণে অনির্দিষ্টকালের জন্য বন্ধ রয়েছে। দীর্ঘ দেড় মাস অতিবাহিত হলেও বিআইটি ঢাকা খোলার কোন উদ্যোগ নেই।

গত বছরের নভেম্বর মাসের ৩ তারিখ নতুন নিয়মে হলের সিট বরাদ্দকে কেন্দ্র করে শহীদ মুক্তিযোদ্ধা হলের দু'দল ছাত্রের মধ্যে সামান্য হাতাহাতি হয়। যার ফলে ইন্সটিটিউট এক মাস বন্ধ রাখা হয়। বন্ধ করে দেয়া হয় ছাত্র রাজনীতি, বন্ধ করা হয় ছাত্রসংসদ নির্বাচন। বন্ধ করে দেয়া হয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাসহ সকল সাংস্কৃতিক অনুষ্ঠান, হলের সিট বাতিল করা হয় কয়েকজন ছাত্রের। ছাত্রদের সহনশীলতার কারণে স্বাভাবিকভাবেই চলতে ছিল বিআইটি ঢাকার কার্যক্রম। দীর্ঘ আট মাস পর কয়েকজন শিক্ষকের কারণে হঠাৎ করে ছাত্রলীগের সভাপতি ও সাবেক জি এসসহ সাতজন ছাত্রকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার এবং জরিমানা করায় সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। ফলে সামান্য ভাঙচুর হয়। পুলিশ দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হলেও কর্তৃপক্ষ গত ১১ই জুলাই ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন। দীর্ঘদিন বন্ধ থাকায় আমরা ইতোমধ্যেই এক সেমিস্টার পিছিয়ে পড়েছি। কতিপয় শিক্ষকের অনমনীয় মনোভাবের কারণে বন্ধ হয়ে যাওয়া বিআইটি ঢাকার বর্তমান অচলাবস্থার অবসান না ঘটলে মডেল শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে খ্যাত প্রতিষ্ঠানটি চরম সেশনজটের কবলে পড়ার আশংকা রয়েছে।

অতএব অনতিবিলম্বে ইন্সটিটিউট খুলে দেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ এবং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি।

আবদুল্লা-আল মামুন
৩০০৫, কাজী নজরুল ইসলাম হল
বিআইটি ঢাকা, গাজীপুর-১৭০০